

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।  
(প্রশাসন শাখা)  
www.supremecourt.gov.bd



বিজ্ঞপ্তি নং- ২৩০

এ,

তারিখঃ ১৬ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ  
৩০ মে ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ অধস্তন দেওয়ানী ও ফৌজদারী আদালত এবং ট্রাইব্যুনালসমূহে অতীব জরুরী বিষয়সমূহ তথ্য-প্রযুক্তি ব্যবহার করে ভার্চুয়াল শুনানির মাধ্যমে শুনানি গ্রহণ ও প্রয়োজনীয় আদেশ প্রদানের বিষয়ে অনুসরণীয় অতিরিক্ত প্রাকটিস নির্দেশনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আদালত কর্তৃক তথ্য-প্রযুক্তি ব্যবহার অধ্যাদেশ, ২০২০ (অধ্যাদেশ নং ০১, ২০২০) এর ৫ ধারার ক্ষমতাবলে এবং প্রাদুর্ভূত মহামারি কোভিড-১৯ রোধকল্পে সামাজিক দূরত্ব বজায় রাখা নিশ্চিতকরণ ও শারীরিক উপস্থিতি ব্যতিরেকে বিচারকার্য পরিচালনার লক্ষ্যে বাংলাদেশের প্রধান বিচারপতি হাইকোর্ট বিভাগ কর্তৃক পূর্বের প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সুপ্রীম কোর্টের ১০ মে ২০২০ খ্রিস্টাব্দের ২১৪ নং বিজ্ঞপ্তিমূলে প্রচারিত বিশেষ প্রাকটিস নির্দেশনার ধারাবাহিকতায় নিম্নরূপ অতিরিক্ত বিশেষ প্রাকটিস নির্দেশনা জারী করলেনঃ

১. অধস্তন দেওয়ানী ও ফৌজদারী আদালত এবং ট্রাইব্যুনালসমূহে প্রযোজ্য ক্ষেত্রে অতীব জরুরী বিষয়সমূহ আদালত কর্তৃক তথ্য-প্রযুক্তি ব্যবহার অধ্যাদেশ, ২০২০ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের ১০ মে ২০২০ খ্রিস্টাব্দের ২১৪ নং বিজ্ঞপ্তিমূলে প্রচারিত বিশেষ প্রাকটিস নির্দেশনা অনুসরণে শুনানি গ্রহণ ও প্রয়োজনীয় আদেশ প্রদান করবেন।
২. ঝুঁকিপূর্ণ ব্যক্তি, অসুস্থ কর্মচারী এবং সন্তান সন্তবা নারীগণ কর্মস্থলে উপস্থিত হওয়া থেকে বিরত থাকবেন।
৩. আগামী ১৫ জুন ২০২০ তারিখ পর্যন্ত এ নির্দেশনা কার্যকর থাকবে।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বা/-

(মোঃ আলী আকবর)

রেজিস্ট্রার জেনারেল

ফোনঃ ৯৫৬২৭৮৫

ই-মেইলঃ [rg@supremecourt.gov.bd](mailto:rg@supremecourt.gov.bd)


স্মারক নং- ২৮০২

এ,

তারিখঃ ১৬ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ  
৩০ মে ২০২০ খ্রিস্টাব্দ

কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা
৩. জেলা জজ/ মহানগর দায়রা জজ,.....(সকল) (অধীনস্থ বিচার বিভাগীয় কর্মকর্তাদের অবগত করার অনুরোধ করা হলো)
৪. বিভাগীয় স্পেশাল জজ/ স্পেশাল জজ,.....(সকল)
৫. চেয়ারম্যান/সদস্য, প্রশাসনিক অ্যাপিলেট ট্রাইব্যুনাল/ শ্রম আপীল আদালত/ প্রশাসনিক ট্রাইব্যুনাল/ শ্রম আদালত,..... (সকল)
৬. চেয়ারম্যান/সদস্য, কোর্ট অব সেটেলমেন্ট/ নিম্নতম মজুরী বোর্ড/ কাস্টমস, এক্সাইজ ও ডাট অ্যাপিলেট ট্রাইব্যুনাল,..... (সকল)
৭. বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল/জননিরাপত্তা বিয়কারী অপরাধ দমন ট্রাইব্যুনাল/ দ্রুত বিচার ট্রাইব্যুনাল,.....
৮. বিচারক, পরিবেশ আপীল আদালত/ সাইবার ট্রাইব্যুনাল/মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল/সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল,.....
৯. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,..... (সকল) (অধীনস্থ বিচার বিভাগীয় কর্মকর্তাদের অবগত করার অনুরোধ করা হলো)
১০. প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা
১১. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. সভাপতি/সেক্রেটারী, জেলা আইনজীবী সমিতি,.....(সকল)
১৩. নোটিশ বোর্ড।

  
৩০.০৫.২০২০

(মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া)  
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)